

## চমেককে বিশ্ববিদ্যালয় করার ঘোষণা স্বাস্থ্যমন্ত্রীর

চট্টগ্রাম যুরো

দেশের দ্বিতীয় মেডিকেল বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু আনুষ্ঠানিক ঘোষণা দিলেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসির। মঙ্গলবার লাঙ্গলদিঘি ময়দানে চট্টগ্রাম মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দৃশ্যটিতে উপস্থিত সমাবেশে তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশক্রমে মঙ্গলবার থেকে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয়েছে। চট্টগ্রাম বিভাগের সব মেডিকেল কলেজ এ বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকবে। এটি হবে দেশের ২য় মেডিকেল বিশ্ববিদ্যালয়। দ্রুততম সময়ের মধ্যে এ বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো তৈরিসহ যাবতীয় কাজ শেষ হবে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামে এসে আনুষ্ঠানিকভাবে এ বিশ্ববিদ্যালয় উদ্বোধন করবেন। এ বিশ্ববিদ্যালয় হলে চট্টগ্রামে চিকিৎসক, শিক্ষক, গবেষক সৃষ্টি হবে। চট্টগ্রামে বিশ্বমানের স্বাস্থ্যসেবা দেয়া সম্ভব হবে। তিনি বলেন, স্বাস্থ্যমন্ত্রী হিসেবে আমি নিশ্চিত দিচ্ছি বিশ্ববিদ্যালয় হলে একজনের চাকরিও যাবে না যদি তিনি অনিয়ম না করেন। তবে চট্টগ্রামবাসীর কাছে আমার একটি চাওয়া— চট্টগ্রামে মেডিকেল বিশ্ববিদ্যালয় হওয়ার পর একে ঘিরে যাতে কোনো অনিয়ম-দুর্নীতি না হয়। কোনো ধরনের টেন্ডারবাড়ি, চাঁদাবাড়ি না হয়। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় বাড়বায়ন পরিষদের বানারে অনুষ্ঠিত নগর আওয়ামী লীগ কর্তৃক অয়োজিত সমাবেশে স্বাস্থ্যমন্ত্রী চট্টগ্রাম জেনারেল হাসপাতালে আরও ১ হাজার বেড বৃদ্ধি এবং পর্যায়ক্রমে জেনারেল হাসপাতালকে মেডিকেল কলেজে রূপান্তরের ঘোষণা দেন। সভাপতির বক্তব্যে নগর আওয়ামী লীগের সভাপতি সাবেক মেয়র এবিএন মহিউদ্দিন চৌধুরী বলেন, চট্টগ্রাম মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হলে বিশ্বমানের স্বাস্থ্যসেবা নানানত্র মূল্যে যোগা : পৃষ্ঠা ৭ : কলাম ৬

### ঘোষণা : স্বাস্থ্যমন্ত্রীর

(৩য় পৃষ্ঠার পর)

চট্টগ্রামের মানুষের দোরগোড়ায় পৌঁছে যাবে। এতে দাঁড়ায় হাজার কেউ বৈদেশিক মুদ্রা বাঁচবে। পৃথিবীর দেশ নিয়ন্ত্রণের থেকেও জোগীয়া চট্টগ্রামে এসে চিকিৎসা সেবা নেবেন। সমাবেশে বক্তব্য রাখেন দক্ষিণ জেলা আওয়ামী লীগের সভাপতি মোসলেম উদ্দিন আহমেদ, নগর সাধারণ সম্পাদক আ জ ম নাসির উদ্দিন, চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. শেলিম খোঃ স্মাহাঙ্গীর, সাবেক অধ্যক্ষ ডা. ইমরান বিন ইউনুস, ডা. এফিউএন মিরাজুল ইসলাম, মিডিস সার্জন ডা. মরফুজ মন চৌধুরী বাবুল, ওয়ার্কশপ পার্টির আবু হানিফ, বিএনএ চট্টগ্রামের সভাপতি ডা. মুন্সিরুল হক খান প্রমুখ।